# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৮২]

পর্ব-১৯ : উভয় ঈদের সালাত (كتاب صلاة العيدين)

পরিচ্ছেদঃ ২৩: ইমামের খুৎবায় সদাক্কার প্রতি উৎসাহ দেয়া

## باب حَثِّ الإِمَامِ عَلَى الصَّدَقَةِ فِي الْخُطْبَةِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ، عَنْ مَنْصُورٍ، عَنِ الشَّعْبِيِّ، عَنِ الْبَرَاءِ، قال: خَطَبَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ النَّحْرِ بَعْدَ الصَّلَاةِ، ثُمَّ قَالَ: مَنْ صَلَّى صَلَاتَنَا وَنَسَكَ نُسُكَنَا فَقَدْ أَصَابَ النُّسُكَ، وَمَنْ نَسَكَ قَبْلَ الصَّلَاةِ فَتِلْكَ شَاةُ لَحْمٍ ، فَقَالَ أَبُو بُرْدَةَ بْنُ نِيَارٍ: يَا رَسُولَ اللَّهِ، وَاللَّهِ لَقَدْ نَسَكْتُ قَبْلَ أَنْ أَخْرُجَ إِلَى الصَّلَاةِ عَرَفْتُ أَنَّ الْيَوْمَ يَوْمُ أَكْلٍ وَشُرْبٍ فَتَعَجَّلْتُ فَأَكَلْتُ وَأَطْعَمْتُ أَهْلِي وَجِيرَانِي، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: تِلْكَ شَاةُ لَحْمٍ ، قَالَ: فَإِنَّ عِنْدِي جَذَعَةً خَيْرٌ مِنْ شَاتَيْ لَحْمٍ فَهَلْ تُجْزِي عَنِّي ؟ قَالَ: نَعَمْ وَلَنْ تُجْزِيَ عَنْ أَحَدٍ بَعْدَكَ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٥٦٤ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1582 ـ صحيح

বাংলা

১৫৮১. কুতায়বাহ্ (রহ.) ..... বারা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) কুরবানীর দিনে আমাদের সামনে সালাতের পরেই খুৎবাহ্ দিলেন। অতঃপর বললেন, যে আমাদের সালাতের ন্যায় সালাত আদায় করবে এবং আমাদের কুরবানীর মতো কুরবানী দিবে সে-ই সঠিকভাবে কুরবানী দিবে। আর যে ব্যক্তি সালাতের পূর্বে কুরবানী করবে সেটা বকরীর গোশত হবে। আবু বুরদাহ ইবনু নিয়ার (রাঃ) বললেন, হে আল্লাহর রসূল (সা.)! আমি সালাতের জন্যে বের হওয়ার আগেই কুরবানী করে ফেলেছি। আমি জানতাম যে, আজ পানাহারের দিন। তাই আমি তাড়াতাড়ি যাবেহ করে ফেলেছি এবং আমি নিজে খেয়েছি এবং আমার পরিবারবর্গ এবং প্রতিবেশীকেও খাইয়েছি। রসূলুল্লাহ (সা.) বললেন, সেটাতো বকরীর গোশত। আবূ বুরদাহ (রাঃ) বললেন, আমার কাছে একটি

এক বৎসর বয়সের ভেড়া আছে যাতে দু'টি বকরীর গোশত অপেক্ষাও বেশি গোশত হবে, তা কি আমার পক্ষ থেকে যথেষ্ট হবে? তিনি বললেন, হ্যা; কিন্তু তোমার পরে আর কারও পক্ষ হতে যথেষ্ট হবে না।

## English

Imam urging (the people) to give charity

It was narrated that Al-Bara' said: The Messenger of Allah (ﷺ) addressed us on the day of An-Nahr after the prayer, then he said: 'Whoever prays and offers the sacrifice as we do, his ritual is complete, and whoever offers the sacrifice before the prayer, that is just ordinary meat.' Abu Burdah bin Niyar said: 'O Messenger of Allah (ﷺ), by Allah, we offered the sacrifice before I came out to the prayer, because I knew that today is the day of eating and drinking, so I hastened to do it and I ate of it and fed it to my family and neighbors.' The Messenger of Allah (ﷺ) said: 'That is just a sheep for meat.' He said: 'I have a jadha'ah that is better than two meaty sheep, will that be sufficient (as a sacrifice) for me?' He said: 'Yes, but it will not be sufficient for anyone after you.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৯৮৩, মুসলিম (২/৭/১৫৫৪)। [দ্রঃ ১৫৬০, ১৫৬৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90077

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন